# Dream Analysis Project



# Dream Analysis: Project Sheet

## ড্রিম অ্যানালিসিস : হোমওয়ার্ক / প্রজেক্ট শিট

---

**Course (শ্রেণি/কোর্স):**

______________________________________

**Subject (বিষয়):** Psychology / Dream Analysis (মনোবিজ্ঞান / ড্রিম অ্যানালিসিস)

**Student Name (শিক্ষার্থীর নাম):**

______________________________________

**Roll No (রোল নম্বর):** ____________________________

**Submission Date (জমাদানের তারিখ):**

______________________________________

### Instructions | নির্দেশনা

**English:**
A dream case study is given below. Your task is to analyze the dream using different dream analysis theories. No specific theory has been mentioned. You must identify which theory or theories best explain the dream and justify your answer logically.

**বাংলা:**
নিচে একটি স্বপ্নের কেস স্টাডি দেওয়া হলো। তোমাদের কাজ হলো বিভিন্ন স্বপ্ন বিশ্লেষণ তত্ত্ব পড়ে এই স্বপ্নটি বিশ্লেষণ করা। এখানে কোনো নির্দিষ্ট তত্ত্বের নাম বলা নেই। কোন তত্ত্ব বা তত্ত্বসমূহ এই স্বপ্নটিকে সবচেয়ে ভালোভাবে ব্যাখ্যা করতে পারে তা যুক্তিসহ নির্ধারণ করতে হবে।

## Dream Case Study | স্বপ্নের কেস স্টাডি

**English:**

A university student dreams that he is sitting in a large examination hall. After receiving the question paper, he realizes that the questions are completely unfamiliar. The clock is moving very fast. His pen suddenly stops working. Everyone around him is writing, but no one helps him.

Suddenly the scene changes. He finds himself running through a dark alley. He feels that someone or something is chasing him, but he is too afraid to look back. While running, he falls down. At that moment, he wakes up with a rapid heartbeat and sweating.

**বাংলা:**

একজন বিশ্ববিদ্যালয় পড়ুয়া ছাত্র স্বপ্নে দেখে—সে একটি বড় পরীক্ষার হলে বসে আছে। প্রশ্নপত্র হাতে পেয়ে বুঝতে পারে প্রশ্নগুলো তার একেবারেই অজানা। ঘড়ির কাঁটা খুব দ্রুত চলছে। তার কলম কাজ করছে না। চারপাশে সবাই লিখছে, কিন্তু কেউ তাকে সাহায্য করছে না।

হঠাৎ দৃশ্য বদলে যায়। সে নিজেকে একটি অন্ধকার গলিতে দৌড়াতে দেখে। মনে হচ্ছে কেউ বা কিছু তাকে তাড়া করছে, কিন্তু সে পেছনে তাকাতে সাহস পাচ্ছে না। দৌড়াতে গিয়ে সে পড়ে যায়। ঠিক তখনই তার ঘুম ভেঙে যায়। তার বুক ধড়ফড় করছে এবং শরীর ঘামে ভিজে।

### What You Have to Do | প্রজেক্টে যা করতে হবে

#### 1. Summary of the Dream | স্বপ্নের সংক্ষিপ্ত সারাংশ

- **English:** Write the main events of the dream in your own words.
- **বাংলা:** স্বপ্নে ঘটে যাওয়া প্রধান ঘটনাগুলো নিজের ভাষায় লেখো।

## 2. Emotional Analysis | আবেগ ও অনুভূতি বিশ্লেষণ

- **English:** Identify the major emotions present in the dream.
- **বাংলা:** স্বপ্নে কোন কোন আবেগ দেখা যাচ্ছে তা চিহ্নিত করো।

## 3. Connection with Waking Life | বাস্তব জীবনের সাথে সংযোগ

- **English:** Explain how the dream may be connected to real-life experiences or stress.
- **বাংলা:** স্বপ্নটি বাস্তব জীবনের কোন অভিজ্ঞতা বা চাপের সাথে যুক্ত হতে পারে তা লেখো।

## 4. Theoretical Analysis | তত্ত্বভিত্তিক বিশ্লেষণ

- **English:** Study different dream theories and explain which theory** or theories best explain the dream with reasons.
- **বাংলা:** বিভিন্ন স্বপ্ন বিশ্লেষণ তত্ত্ব পড়ে যুক্তিসহ ব্যাখ্যা করো—কোন তত্ত্ব **বা তত্ত্বসমূহ এই স্বপ্নটিকে সবচেয়ে ভালোভাবে ব্যাখ্যা করতে পারে।

| ** তত্ত্বসমূহ /Theory |
| --- |
| A. Neurocognitive Theory |
| B. Activation-Synthesis |
| C. Threat Simulation |
| D. Emotional Processing |
| E. Continuity Hypothesis |
| F. Cognitive-Experiential |

## 5. Comparative Discussion | তুলনামূলক আলোচনা

- **English:** Justify why your chosen theory/theories are more suitable than others.
- **বাংলা:** কেন তোমার নির্বাচিত তত্ত্বটি বা তত্ত্বগুলো অন্যগুলোর তুলনায় বেশি কার্যকর তা ব্যাখ্যা করো।

## 6. Conclusion | উপসংহার

- **English:** What message do you think the dream gives to the dreamer?
- **বাংলা:** তোমার মতে এই স্বপ্নটি স্বপ্নদ্রষ্টাকে কী বার্তা দিচ্ছে?

## Suggested Format | লেখার কাঠামো

1. Introduction | ভূমিকা
2. Dream Summary | স্বপ্নের সারাংশ
3. Emotional Analysis | আবেগ ও মানসিক বিশ্লেষণ
4. Theory-based Explanation | তত্ত্বভিত্তিক ব্যাখ্যা

5. Comparative Discussion | তুলনামূলক আলোচনা
6. Conclusion | উপসংহার

**Marking Scheme | মার্কিং স্কিম (For Teachers)**

| **Component (অংশ)** | **Marks (নম্বর)** |
|---|---|
| Introduction & Dream Summary | 5 |
| Emotional Analysis | 5 |
| Connection with Real Life | 5 |
| Depth of Theoretical Analysis | 10 |
| Comparative Discussion | 5 |
| Conclusion & Personal Insight | 5 |
| Language, Structure & Presentation | 5 |
| **Total (মোট)** | **40** |

N.B: উপরে উল্লেখিত নাম্বারের তারতম্য হতে পারে এটি নমুনা মাত্র / The above numbers are subject to change and are provided as examples only.



**SOLVED SAMPLR PROJECT**
**Dream Analysis – Solved Project Paper**
**ড্রিম অ্যানালিসিস – সম্পূর্ণ সমাধানকৃত প্রজেক্ট পেপার**

**Introduction | ভূমিকা** Marks / নম্বর: 5

**English:**

Dream analysis is an important topic in psychology that helps us understand the connection between dreams, emotions, cognition, and real-life experiences. Different theories explain dreams from different perspectives such as brain activity, emotional regulation, threat preparation, and continuity with waking life. In this project, a given dream is analyzed using appropriate dream theories to understand its psychological meaning.

**বাংলা:**

ড্রিম অ্যানালিসিস মনোবিজ্ঞানের একটি গুরুত্বপূর্ণ বিষয় , যার মাধ্যমে স্বপ্ন , আবেগ, চিন্তাভাবনা এবং বাস্ত ব জীবনের অভিজ্ঞতার মধ্যে সম্পর্ক বোঝা যায়। বিভিন্ন তত্ত্ব স্বপ্নকে ভিন্ন ভিন্ন দৃষ্টিভঙ্গি থেকে ব্যাখ্যা করে —যেমন মস্তিষ্কের কার্যকলাপ, আবেগ নিয়ন্ত্রণ , বিপদের প্রস্তুতি এবং জাগ্রত জীবনের ধারাবাহিকতা। এই প্রজেক্টে প্রদত্ত স্বপ্নটিকে উপযুক্ত তত্ত্বের সাহায্যে বিশ্লেষণ করা হয়েছে।

**Dream Summary | স্বপ্নের সারাংশ** Marks / নম্বর: 5

**English:**

The dream describes a university student who feels helpless and anxious during an examination. The situation becomes more frightening when the dream shifts to a dark alley where he is being chased and finally falls down. The dream ends with physical symptoms of fear such as rapid heartbeat and sweating.

**বাংলা:**

এই স্বপ্নে একজন বিশ্ববিদ্যালয় পড়ুয়া ছাত্রকে পরীক্ষার হলে অসহায় ও উদ্বিগ্ন অবস্থায় দেখা যায়। পরে স্বপ্নের দৃশ্য পরিবর্তিত হয়ে একটি অন্ধকার গলিতে চলে যায়, যেখানে তাকে তাড়া করা হচ্ছে এবং সে পড়ে যায়। স্বপ্নটি ভয় ও আতঙ্কের শারীরিক প্রতিক্রিয়ার মাধ্যমে শেষ হয়।

**Emotional Analysis | আবেগ ও অনুভূতি বিশ্লেষণ Marks / নম্বর: 5**

**English:**

The dominant emotions in this dream are anxiety, fear, helplessness, and stress. The examination scene represents performance anxiety, while the chase scene reflects fear and threat. The emotional intensity suggests that the dreamer is under significant psychological pressure in waking life.

**বাংলা:**

এই স্বপ্নে প্রধান আবেগগুলো হলো উদ্বেগ, ভয়, অসহায়ত্ব এবং মানসিক চাপ। পরীক্ষার দৃশ্য পারফরম্যান্স অ্যাংজাইটি নির্দেশ করে এবং তাড়া করার দৃশ্য ভয় ও হুমকির অনুভূতিকে

প্রকাশ করে। আবেগের তীব্রতা বোঝায় যে স্বপ্নদ্রষ্টা বাস্তব জীবনে প্রবল মানসিক চাপের মধ্যে রয়েছে।

## Connection with Waking Life | বাস্তব জীবনের সাথে সংযোগ Marks / নম্বর: 5

**English:**
The dream is closely connected to the dreamer's real-life situation. As a university student facing important examinations and expectations, his fear of failure and pressure to perform are reflected in the dream. The malfunctioning pen and unfamiliar questions symbolize lack of control and self-doubt.

**বাংলা:**
এই স্বপ্নটি স্বপ্নদ্রষ্টার বাস্তব জীবনের অবস্থার সাথে গভীরভাবে যুক্ত। গুরুত্বপূর্ণ পরীক্ষার মুখোমুখি একজন ছাত্র হিসেবে তার ব্যর্থতার ভয় ও ভালো করার চাপ স্বপ্নে প্রতিফলিত হয়েছে। কলম কাজ না করা এবং অচেনা প্রশ্ন আত্মবিশ্বাসের অভাব ও নিয়ন্ত্রণ হারানোর প্রতীক।

## Theory-based Analysis | তত্ত্বভিত্তিক বিশ্লেষণ Marks / নম্বর: 15

### 1. Emotional Processing Perspective

**English:**
From the emotional processing perspective, this dream helps the brain process intense emotions such as fear and anxiety. By experiencing these emotions in a dream, the mind attempts to regulate and manage emotional stress.

**বাংলা:**
এই দৃষ্টিভঙ্গি অনুযায়ী, স্বপ্নটি ভয় ও উদ্বেগের মতো তীব্র আবেগ প্রক্রিয়াকরণে সাহায্য করে। স্বপ্নের মাধ্যমে এই আবেগগুলো অনুভব করে মন মানসিক চাপ সামলানোর চেষ্টা করে।

**2. Threat Simulation Perspective**

**English:**
The chase in the dark alley represents a simulated threat. According to this view, the dream prepares the individual to deal with potential dangers or failures in real life, such as academic failure or social judgment.

**বাংলা:**
অন্ধকার গলিতে তাড়া খাওয়ার দৃশ্য একটি অনুকৃত হুমকি নির্দেশ করে। এই দৃষ্টিভঙ্গি অনুযায়ী, স্বপ্নটি বাস্তব জীবনের সম্ভাব্য বিপদ বা ব্যর্থতার জন্য মানসিক প্রস্তুতি হিসেবে কাজ করে।

**3. Continuity Perspective**

**English:**
This dream clearly supports the continuity idea, as it reflects the dreamer’s waking concerns. Examination stress, time pressure, and fear of failure directly continue into the dream content.

**বাংলা:**
এই স্বপ্নটি ধারাবাহিকতার ধারণাকে সমর্থন করে, কারণ এতে

স্বপ্নদ্রষ্টার জাগ্রত জীবনের চিন্তা ও চাপ স্পষ্টভাবে প্রতিফলিত হয়েছে। পরীক্ষার চাপ ও সময়ের ভয় সরাসরি স্বপ্নে এসেছে।

## Comparative Discussion | তুলনামূলক আলোচনা

**Marks / নম্বর: 3**

**English:**
Although multiple theories help explain the dream, the emotional processing and continuity perspectives provide the most comprehensive explanation. Emotional processing explains the intense feelings, while continuity explains the connection with real-life stress. Together, they offer a complete understanding of the dream.

**বাংলা:**
যদিও একাধিক তত্ত্ব এই স্বপ্ন ব্যাখ্যা করতে সাহায্য করে, আবেগ প্রক্রিয়াকরণ এবং ধারাবাহিকতার দৃষ্টিভঙ্গি সবচেয়ে শক্তিশালী ব্যাখ্যা দেয়। একটি আবেগ বোঝায়, অন্যটি বাস্তব জীবনের সংযোগ ব্যাখ্যা করে। একসাথে তারা পূর্ণাঙ্গ বিশ্লেষণ প্রদান করে।

CONCLUSION | উপসংহার **Marks / নম্বর: 2**

**English:**
This dream reflects the dreamer’s anxiety, fear of failure, and emotional stress related to academic performance. It acts as a psychological mirror of his waking concerns and helps the mind process emotional challenges. Therefore, the dream has both emotional and adaptive significance.

**বাংলা:**
এই স্বপ্নটি স্বপ্নদ্রষ্টার উদ্বেগ, ব্যর্থতার ভয় এবং পড়াশোনাজনিত মানসিক চাপকে প্রতিফলিত করে। এটি জাগ্রত জীবনের সমস্যার একটি মানসিক প্রতিচ্ছবি এবং আবেগগত চ্যালেঞ্জ মোকাবিলায় মনকে সহায়তা করে। তাই স্বপ্নটির আবেগগত ও মানিয়ে নেওয়ার গুরুত্ব রয়েছে।



## DREAM ANALYSIS PROJECT – CONCISE GUIDELINES

## ড্রিম অ্যানালিসিস প্রজেক্ট – সংক্ষিপ্ত নির্দেশাবলী

**Important Note | গুরুত্বপূর্ণ নির্দেশ**

**English:**
This is only a *guideline*. Students must write the project **in their own words**, following these instructions. The project should be **precise, analytical, and relevant**. Avoid unnecessary explanation, repetition, or storytelling. The **total word limit is 1000 words (maximum)**.

**বাংলা:**
এটি শুধুমাত্র একটি *পথনির্দেশিকা*। শিক্ষার্থীদের অবশ্যই এই নির্দেশনা অনুসরণ করে **নিজেদের ভাষায়** প্রজেক্ট লিখতে হবে। লেখাটি হতে হবে **সংক্ষিপ্ত, বিশ্লেষণমূলক ও প্রাসঙ্গিক**। অপ্রয়োজনীয় ব্যাখ্যা, পুনরুক্তি বা গল্প বলার ধরণ পরিহার

করতে হবে। **সম্পূর্ণ প্রজেক্ট ১০০০ শব্দের মধ্যে সীমাবদ্ধ রাখতে হবে।**

## Given Dream (Case Study) | প্রদত্ত স্বপ্ন (কেস স্টাডি)

**English:**
*A university student dreams that he is sitting in an examination hall. The questions seem unfamiliar, the clock moves fast, and his pen does not work. Others are writing, but no one helps him. Suddenly, the scene changes to a dark alley where he is running and feels chased. He falls and wakes up frightened, sweating, with a rapid heartbeat.*

**বাংলা:**
*একজন বিশ্ববিদ্যালয় পড়ুয়া ছাত্র স্বপ্নে দেখে—সে পরীক্ষার হলে বসে আছে। প্রশ্নগুলো তার অচেনা মনে হচ্ছে, ঘড়ি খুব দ্রুত চলছে এবং তার কলম কাজ করছে না। চারপাশে সবাই লিখছে, কিন্তু কেউ তাকে সাহায্য করছে না। হঠাৎ দৃশ্য বদলে যায়—সে নিজেকে একটি অন্ধকার গলিতে দৌড়াতে দেখে এবং অনুভব করে যে কেউ তাকে তাড়া করছে। সে পড়ে যায় এবং ভয়, ঘাম ও দ্রুত হৃদস্পন্দনের সাথে ঘুম থেকে জেগে ওঠে।*

## Project Objectives | প্রজেক্টের উদ্দেশ্য

**English:**

- To understand the psychological meaning of dreams
- To apply dream analysis theories logically

- To develop critical thinking skills

**বাংলা:**

- স্বপ্নের মনোবৈজ্ঞানিক অর্থ বোঝা
- স্বপ্ন বিশ্লেষণ তত্ত্ব যুক্তিসহ প্রয়োগ করা
- বিশ্লেষণধর্মী চিন্তাশক্তি বিকাশ করা

## Instructions for Writing the Project | প্রজেক্ট লেখার নির্দেশনা

### 1. Introduction | ভূমিকা

**English:** Briefly explain what dream analysis is and state the purpose of analyzing the given dream.
**বাংলা:** ড্রিম অ্যানালিসিস কী এবং প্রদত্ত স্বপ্ন বিশ্লেষণের উদ্দেশ্য সংক্ষেপে লেখো।

### 2. Dream Summary | স্বপ্নের সারাংশ

**English:** Describe the dream briefly in your own words. Mention only key events.
**বাংলা:** স্বপ্নের প্রধান ঘটনাগুলো নিজের ভাষায় সংক্ষেপে লেখো।

### 3. Emotional and Psychological Elements | আবেগ ও মানসিক উপাদান

**English:** Identify the main emotions in the dream and explain their importance.

**বাংলা:** স্বপ্নে উপস্থিত প্রধান আবেগগুলো চিহ্নিত করে সেগুলোর গুরুত্ব ব্যাখ্যা করো।

## 4. Connection with Waking Life | বাস্তব জীবনের সাথে সংযোগ

**English:** Explain how the dream may be connected to real-life stress or experiences. Use logical assumptions only.
**বাংলা:** স্বপ্নটি বাস্তব জীবনের চাপ বা অভিজ্ঞতার সাথে কীভাবে যুক্ত হতে পারে তা যুক্তিসহ লেখো। কল্পনা ব্যবহার করবে না।

## 5. Theory-Based Analysis | তত্ত্বভিত্তিক বিশ্লেষণ

**English:** Study different dream theories and identify which theory or theories best explain the dream. Justify your choice clearly.
**বাংলা:** বিভিন্ন স্বপ্ন বিশ্লেষণ তত্ত্ব পড়ে নির্ধারণ করো—কোন তত্ত্ব বা তত্ত্বসমূহ এই স্বপ্নটিকে সবচেয়ে ভালোভাবে ব্যাখ্যা করতে পারে। যুক্তিসহ ব্যাখ্যা দাও।

## 6. Comparative Justification | তুলনামূলক ব্যাখ্যা

**English:** Briefly explain why your chosen theory/theories are more suitable than others.
**বাংলা:** কেন তোমার নির্বাচিত তত্ত্ব বা তত্ত্বগুলো অন্যগুলোর তুলনায় বেশি উপযুক্ত তা সংক্ষেপে লেখো।

## 7.Conclusion | উপসংহার

**English:** Summarize the psychological meaning of the dream and the mental state of the dreamer.
**বাংলা:** স্বপ্নটির মনোবৈজ্ঞানিক অর্থ ও স্বপ্নদ্রষ্টার মানসিক অবস্থার সারসংক্ষেপ লেখো।

### Writing Rules | লেখার নিয়ম

**English:**

- Maximum word limit: 1000 words
- Use clear headings
- Avoid unnecessary explanation
- Do not copy from solved papers
- The work must be written by hand on ruled paper, leaving a one-inch margin on all sides. After completion, it may be scanned or photographed and submitted in PDF format. It is preferable to write on only one side of the paper and keep the other side blank.

**বাংলা:**

- সর্বোচ্চ শব্দসংখ্যা: ১০০০
- পরিষ্কার হেডিং ব্যবহার করবে
- অপ্রয়োজনীয় ব্যাখ্যা পরিহার করবে
- সমাধানকৃত পেপার হুবহু কপি করা যাবে না
- রুলটানা কাগজে হাতে লিখতে হবে। চারদিকে এক ইঞ্চি করে মার্জিন রাখতে হবে। লেখা শেষ হলে স্ক্যান করে বা ছবি তুলে পিডিএফ ফরম্যাটে জমা দেওয়া

যাবে। কাগজের এক পিঠে লেখা হলে ভালো হয় এবং অন্য পিঠটি ফাঁকা রাখা বাঞ্ছনীয়।

**? Evaluation Focus | মূল্যায়নের ভিত্তি**


**English:** Clarity, logical reasoning, correct use of theory, originality.

**বাংলা:** স্পষ্টতা, যুক্তির মান, তত্ত্বের সঠিক ব্যবহার এবং নিজস্ব চিন্তাভাবনা।



*“This entire write-up is only a sample for the Dream Analysis project. Copying it word for word is not recommended. The example is provided solely to help clarify your understanding. After reading it, you are encouraged to present the topic in your own way with greater creativity.”*

*“এই সম্পূর্ণ লেখাটি ড্রিম অ্যানালাইসিস প্রজেক্টের একটি নমুনা মাত্র। এটিকে হুবহু নকল করা কোনোভাবেই বাঞ্ছনীয় নয়। আপনার ধারণা স্পষ্ট করার উদ্দেশ্যেই এই উদাহরণটি উপস্থাপন করা হয়েছে। এটি পড়ে অনুপ্রাণিত হয়ে নিজস্ব ভাবনা ও সৃজনশীলতার মাধ্যমে বিষয়টি আরও সু ন্দরভাবে উপস্থাপন করবেন।”*



*260126*